হিজবুল্লাহকে কালো তালিকাভুক্তির আহ্বান পম্পেওর

লেবাননের ইসলামী প্রতিরোধ আন্দোলন হিজবুল্লাহকে সন্ত্রাসী গোষ্ঠী হিসেবে কালো তালিকাভুক্ত করতে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) প্রতি আহ্বান জানিয়েছেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মাইক পম্পেও।

তিনি রোববার এক বক্তব্যে ইইউকে উদ্দেশ করে বলেন, হিজবুল্লাহর গোটা অস্তিত্বকে সন্ত্রাসী মনে করতে হবে এবং এটির রাজনৈতিক অংশ ও সামরিক অংশের মধ্যে কোনো পার্থক্য করা যাবে না।

পম্পেওর দাবি, হিজবুল্লাহ সন্ত্রাসী হামলা চালানোর পরিকল্পনা করে যাচ্ছে এবং ইউরোপ থেকে সামরিক প্রযুক্তি ও বাজেট সংগ্রহ করার কাজে ব্যস্ত রয়েছে।

এর আগে গত মঙ্গলবার মার্কিন অর্থ মন্ত্রণালয় লেবাননের হিজবুল্লাহর সঙ্গে সম্পর্ক থাকার অভিযোগে সে দেশের সাবেক দুই মন্ত্রীর বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপ করেছিল।
প্রসঙ্গত সিরিয়াসহ মধ্যপ্রাচ্যের দেশগুলো থেকে উগ্র জঙ্গিগোষ্ঠী দায়েশ নির্মূলে উল্লেখযোগ্য ভূমিকা রেখেছে হিজবুল্লাহ। অথচ সংগঠনটির সঙ্গে জড়িত থাকার অভিযোগে এ পর্যন্ত দেশটির বহু রাজনৈতিক ব্যক্তিত্বের বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপ করেছে যুক্তরাষ্ট্র। সুত্র-যুগান্তর

বিশ্বে একদিনে রেকর্ড ৩ লক্ষাধিক রোগী শনাক্ত

বিশ্বজুড়ে করোনার প্রকোপ আবারও বাড়ছে দ্রুতগতিতে। অথচ বেশিরভাগ দেশ বিধিনিষেধ তুলে নিয়েছে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) তথ্যমতে, গত ২৪ ঘণ্টায় বিশ্বে তিন লাখ ৭ হাজার ৯৩০ জন রোগী শনাক্ত হয়েছেন, যা একদিনে

সর্বোচ্চ আক্রান্তের রেকর্ড। খবর ইউরো নিউজের।

ডব্লিউএইচওর তথ্যানুযায়ী, করোনা শুরুর পর থেকে ১৪ সেপ্টেম্বর রেকর্ড সংক্রমণ হয়েছে। এদিন সবচেয়ে বেশি মানুষ আক্রান্ত হয়েছে ভারত, যুক্তরাষ্ট্র ও ব্রাজিলে।

এ ছাড়া এদিন বিশ্বজুড়ে ৫ হাজার ৫৩৭ জন মারা গেছেন। এতে এ পর্যন্ত করোনায় মোট মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৯ লাখ ১৭ হাজার ৪১৭ জনে।

রোববার ভারতে সর্বোচ্চ ৯৪ হাজার ৩৭২ জন করোনা রোগী শনাক্ত হয়েছে। এ ছাড়া সর্বোচ্চ রোগী শনাক্ত হয়েছে যুক্তরাষ্ট্র ও ব্রাজিলে যথাক্রমে ৪৫ হাজার ৫২৩ জন এবং ৪৩ হাজার ৭১৮ জন।

ভারত ও যুক্তরাষ্ট্রে রোববার করোনায় সহস্রাধিক মানুষের মৃত্যু হয়েছে। তবে এ সময় ব্রাজিলে মৃত্যু হয়েছে ৮৭৪ জন। বিশ্বে এর আগে দৈনিক রোগী শনাক্তের রেকর্ড ছিল গত ৬ সেপ্টেম্বর, তিন লাখ ৬ হাজার ৮৫৭ জন। এ ছাড়া গত ১৭ এপ্রিল একদিনে সর্বোচ্চ ১২ হাজার ৪৩০ জনের মৃত্যু হয়।

গত এক মাস ধরে বিশ্বে দৈনিক সর্বোচ্চ সংক্রমণ শনাক্ত হচ্ছে প্রতিবেশী দেশ ভারতে। গত সপ্তাহে একদিনে ৯৭ হাজার ৫৭০ রোগী নিয়ে সংক্রমণের বিশ্বরেকর্ড হয় দেশটিতে। সূত্র-যুগান্তর

অবশেষে আফগান সরকারের সঙ্গে আলোচনায় বসতে তালেবানের সম্মতি

আফগানিস্তানের তালেবান শেষ পর্যন্ত সেদেশের যুদ্ধ ও সহিংসতা বন্ধের লক্ষ্যে কাবুল সরকারের সঙ্গে সরাসরি আলোচনায় বসতে নিজের সম্মতির কথা ঘোষণা করেছে।

জানা গেছে, কাতারে তালেবানের রাজনৈতিক দফতরের মুখপাত্র মোহাম্মাদ নাঈম ওয়ারদাক তাদের এ প্রস্তুতির কথা ঘোষণা করেছেন।

তিনি বলেছেন, কাতারে অর্জিত সমঝোতা অনুযায়ী আফগান-আফগান আলোচনা শুরু করতে তালেবান প্রস্তুত রয়েছে। ওয়ারদাক জানান, আফগানিস্তানের জাতীয় স্বার্থ ও ইসলামি মূল্যবোধ রক্ষা করার লক্ষ্যে তালেবান সারাদেশে শান্তি ও প্রকৃত ইসলামি শাসনব্যবস্থা প্রতিষ্ঠা করতে চায়।

আফগানিস্তানের দ্বিতীয় ভাইস প্রেসিডেন্ট সুরুর দানিশ বৃহস্পতিবার এ সম্পর্কে বলেছেন, আফগান-আফগান আলোচনার পথে সকল প্রতিবন্ধকতা দূর করেছে কাবুল সরকার; কাজেই সরকার আশা করছে তালেবান যতশীঘ্র সম্ভব আলোচনার টেবিলে ফিরে আসবে।

এদিকে আফগানিস্তানের গণমাধ্যমগুলো জানিয়েছে, আফগান সরকারের পক্ষ থেকে তালেবানের সঙ্গে আলোচনা করার জন্য আব্দুল্লাহ আব্দুল্লাহর নেতৃত্বে একটি প্রতিনিধিদল আজ শুক্রবার কাতার যাবে।

তালেবান গত এক বছরেরও বেশি সময় ধরে মার্কিন সরকারের সঙ্গে আলোচনা করলেও কাবুল সরকারর সঙ্গে আলোচনায় বসতে অস্বীকৃতি জানিয়ে আসছিল। আফগান কারাগারে আটক সকল তালেবান বন্দিকে মুক্ত করা ছিল আলোচনায় বসতে তাদের অন্যতম শর্ত। সম্প্রতি হাজার হাজার তালেবান বন্দিকে মুক্তি দিয়ে আফগান সরকার তালেবানের সে শর্ত পূরণ করেছে।

সূত্র- বিডি প্রতিদিন

জ্বলছে ক্যালিফোর্নিয়ার বনাঞ্চল, মৃত ১১

আমাজনের দাবানলের স্মৃতি ফেরাচ্ছে ক্যালিফোর্নিয়া। একদিনে পুড়ে ছাই হয়ে গেছে ২৫ মাইল সবুজ অরণ্য। পুড়েছে বাড়িঘরও। মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১১।

জানা গেছে, বজ্রবিদ্যুৎ থেকে দাবানলের সূত্রপাত। গত তিন সপ্তাহ ধরেই জ্বলছে বনভূমি। পুড়ছে বাড়িঘর। নিয়ন্ত্রণে আনা যাচ্ছে না

আগুন। উল্টে ঝোড়ো হাওয়ার দাপটে দ্রুত ছড়াচ্ছে দাবানল। যার জেরে গতকাল বুধবার নতুন করে প্রাণ গেছে তিনজনের। সবমিলিয়ে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১১।

মার্কিন যুক্তরাষ্ট্রের অন্যতম উষ্ণ এলাকা হওয়ায় আগুনের লেলিহান শিখা ছড়িয়ে পড়ছে দ্রুত। আশেপাশের প্রায় ২ লাখ মানুষকে নিরাপদে সরিয়ে নিয়ে যাওয়ার পরও স্বস্তি নেই। দাবানল নিয়ন্ত্রণে কাজ করছেন ১২ হাজার দমকল কর্মী। শুকনো পাতাঘেরা জঙ্গল আগুন ছড়িয়ে পড়ার পক্ষে একেবারে আদর্শ পরিবেশ। তাতেই বিপদ দ্বিগুণ হয়েছে।

টেক্সাস, নিউ মেক্সিকো, সান ফ্রান্সিসকোসহ একাধিক জায়গা থেকে দমকল কর্মী এবং ইঞ্জিন এনেও তা নিয়ন্ত্রণ করা যাচ্ছে না। পাশাপাশি এই দাবানলের কারণে ক্যালিফোর্নিয়ার তাপমাত্রার পারদ চড়েছে অনেকটাই। তার নেপথ্যে যে এই দাবানল, তা বোঝা গেছে পরে।

গত বছরের মাঝামাঝি সময়ে অস্ট্রেলিয়ার ভিক্টোরিয়া, নিউ সাউথ ওয়েলসের বনাঞ্চলে ছড়িয়ে পড়েছিল দাবানল। কত প্রাণী যে তাতে ঝলসে গেছে, তা এখনও হিসাব করা যায়নি। তার আগে বিশ্ববাসীর মনে আতঙ্ক ছড়িয়েছিল আমাজনের দাবানল। সেই স্মৃতিই উসকে দিচ্ছে ক্যালিফোর্নিয়ার দাবানল।

সূত্র- বিডি-প্রতিদিন

স্পিডবোটে ভারতে প্রবেশের চেষ্টা, তাড়া খেয়ে ফিরল ৪০ চীনা সেনা

পূর্ব লাদাখের প্রকৃত নিয়ন্ত্রণরেখায় চরম উত্তেজনার মধ্যে আরও একবার ভারতীয় সীমান্ত লঙ্ঘনের চেষ্টা করল চীনের পিপল’স লিবারেশ আর্মি, পিএলএ। গত মঙ্গলবার, ভারতীয় ভূখণ্ডে ঢোকার চেষ্টা করে, আবারও ব্যর্থ হয়ে ফিরে গিয়েছে চীনা সেনা। সূত্রের খবর, প্যাংগং লেকের পশ্চিম তীর দিয়ে মঙ্গলবার একাধিক স্পিডবোট চেপে চীনা সেনা

ভারতীয় ভূখণ্ডে ঢুকে পড়ার চেষ্টা করেছিল।

কিন্তু, তাদের সেই উদ্দেশ্য সফল হয়নি। লেকে ভারতীয় বাহিনীর সজাগ পাহারায় ফিরে যেতে বাধ্য হয়েছে। এর আগে গত সোমবার চীনা সেনার ২৫-৩০ জনের একটি দল চুশূলের মুখেরপরি পাহাড় দখলের চেষ্টা করেছিল। কিন্তু, সেদিনও পারেনি। ভারতীয় বাহিনীর প্রতিরোধের মুখে পড়ে ফিরে যায়।

সূত্রের খবর, মঙ্গলবার পূর্ব লাদাখের ফিংগার-চার অতিক্রম করে চীনাসেনার একটি দল ভারতীয় ভূখণ্ডের আরও ভিতরে ঢোকার চেষ্টা করে। ঘড়িতে তখন বিকেল ৫টা। দুটি স্পিডবোট ৪০ চীনা সেনা ফিংগার তিনেকর দিকে এগোতে থাকে। গত মে মাস থেকে ফিংগার-ফোর দখল করে রেখেছে চীন। সেখানে লালফৌজের শিবিরও তৈরি হয়েছে। ফিংগার-তিনে মোতায়েন থাকা ভারতীয় সেনার নজর উপেক্ষা করে এবার আর এগোতে পারেনি চীনা সেনার ৪০ জনের ওই দলটি। ভারত সতর্ক করলে, স্পিডবোট মুখ ঘুরিয়ে ফিংগার চারে ফিরে যায় চীনা সেনা।
২৯ ও ৩০ অগস্ট রেচিন লা ও রেজাং লা’র দখল নিতে সমর্থ হয় ভারতীয় সেনা। এই দুই অঞ্চল থেকে চীনের মল্ডো ক্যানটনমেন্টের উপর নজর রাখতে পারবে ভারতীয় সেনা। কৌশলগত গুরুত্বের কথা ভেবে চীনা সেনা চেষ্টা করবে এই শিখর দু’টি পুনর্দখল করার।

ভারতীয় সেনা বাহিনীও চুপচাপ বসে নেই। চীনা সেনা যেসমস্ত এলাকা দিয়ে বড় ধরনের হামলা চালাতে পারে, সেখানে ভারতও ট্যাংক ও সাঁজোয়া যান তৈরি রেখেছে। যে কোনও ধরনের চীনা আগ্রাসনের জবাব দিতে ভারত তৈরি। চীনের পক্ষ থেকে সামান্যতম উস্কানির চেষ্টা হলে, ভারতীয় সেনা ছেড়ে কথা বলবে না। চীনের প্রতিরক্ষামন্ত্রীকে রাজনাথ সিং সাফ জানিয়ে দিয়েছেন, গলওয়ানের মতো ঘটনার পুনরাবৃত্তি হলে, এ বার আর ভারত ছেড়ে কথা বলবে না।

বুধবার থেকে প্রকৃত নিয়ন্ত্রণরেখায় নতুন করে নির্মাণকাজ শুরু করে উত্তেজনার আগুনে ঘি ঢালছে চীন। সরকারি সূত্রে খবর, প্যাংগং লেকের উত্তরে, ফিংগার অঞ্চলে নতুন করে নির্মাণকাজ শুরু করেছে চীন। এর মধ্যে সংঘাতে প্ররোচনা রয়েছে বলেই মনে করছেন সমর বিশেষজ্ঞরা। ভারতীয় সেনাও অবগত। পিপল’স লিবারেশন আর্মির কার্যকলাপের দিকে কড়া নজর রাখা হচ্ছে। প্রয়োজনে প্রত্যাঘাত করতে পিছপা হবে না ভারতীয় সেনা। পরিস্থিতি যদি সেদিকে এগোয়, ভারতকে প্রত্যাঘাত করতেই হবে, জানাচ্ছে সরকারি ওই সূত্র।

সূত্র : এই সময়।

উত্তেজনা চরমে, আবারও রড নিয়ে ভারতীয় সীমান্তের কাছে চীনা বাহিনী

ভারতের সঙ্গে প্রায় ৪ হাজার ৩৮৮ কিলোমিটার এলাকাজুড়ে সীমানা রয়েছে চীনের। তাই সীমান্ত বিবাদ নিয়ে বহুবার সংঘর্ষে জড়িয়েছে এই দুই দেশ। সম্প্রতি আবারও উত্তপ্ত হয়ে উঠেছে সীমান্ত। লাদাখের মুখপারি এলাকার রাজাংলায় সোমবার ভারতীয় সেনাদের অবস্থান লক্ষ্য করে হাতে রড, বর্শা ও লাঠি নিয়ে এগুনোর চেষ্টা করেছিল চীনা সেনারা। মঙ্গলবার ভারতের সরকারি সূত্রের বরাত দিয়ে দ্য হিন্দু এ তথ্য জানিয়েছে।

ভারতের দাবি, সোমবার সন্ধ্যায় চীনের পিপলস লিবারেশন আর্মির ৫০ থেকে ৬০ জন সদস্য লাদাখের ব্যাংহং হুনানে প্রকৃত নিয়ন্ত্রণরেখা (এলএসি) পেরিয়ে ভারতের দখলে থাকা একটি পাহাড়ের চূড়া দখলের চেষ্টা করে। এসময় ফাঁকা গুলি চালায় চীনের বাহিনী। এর জবাবে সতর্কতামূলক গুলি চালায় ভারতীয় সেনাবাহিনীও।

সময়মতো দু’পক্ষেরই উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। চীন অবশ্য দাবি করেছে, ভারতীয় সেনারা একতরফাভাবে এলএসি অতিক্রম করে ও গুলি ছোড়ে।

ভারতীয় সূত্র জানিয়েছে, হামলার সময় চীনা সেনাদের হাতে রড, বর্শা, লাঠি ও ধারালো অস্ত্র ছিল।

এ ব্যাপারে চীনের কোনো মন্তব্য পাওয়া যায়নি।

সূত্র- বিডি প্রতিদিন

যৌন হয়রানির অভিযোগ, ট্রাম্পের পক্ষে মার্কিন বিচার বিভাগ

যৌন হয়রানির অভিযোগ উঠার পর প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের পক্ষে লড়াইয়ের আগ্রহ প্রকাশ করেছে মার্কিন বিচার বিভাগ। ২০১৬ সালে মার্কিন প্রেসিডেন্ট পদে প্রার্থিতার ঘোষণার পর থেকে ট্রাম্পের বিরুদ্ধে একের পর এক যৌন হয়রানির অভিযোগ উঠে। এবারের অভিযোগটি একজন কলাম লেখকের।

১৯৯০ এর দশকে বিলাসবহুল ম্যানটহাটন ডিপার্টমেন্ট স্টোরের ড্রেসিং রুমে এ ঘটনা ঘটে অভিযোগ করা হয়েছে। তবে ট্রাম্প বলেছেন, এ যৌন হয়রানির দাবি ‘পুরোপুরি মিথ্যা’ এবং বাদীনিকে তিনি ‘জীবনেও দেখেননি’।

মঙ্গলবার যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ বলেছে, ই. জিন ক্যারোল নামের সেই নারীর করা অবমাননা মামলায় ট্রাম্পের হয়ে লড়তে আগ্রহী।

সূত্র- বিডি প্রতিদিন

মধ্যরাতে ভয়াবহ উত্তেজনা, ভারত-চীন সীমান্তে ‘ফায়ারিং’

তিন মাস ধরে চীন সীমান্তে মুখোমুখি দাঁড়িয়ে ভারত ও চীনের সেনাবাহিনী। আর সেখান থেকেই এল ‘ফায়ারিং-এর খবর। সোমবার দিবাগত মধ্যরাতে সেই খবর এসে পৌঁছেছে। ইস্টার্ন লাদাখের ওই বিশেষ অঞ্চলে ফায়ারিং চলেছে বলে ভারতীয় মিডিয়া জানিয়েছে। খবর কলকাতা টোয়েন্টিফোরের।

‘ইন্ডিয়া টুডে’-তে প্রকাশিত রিপোর্ট অনুযায়ী, ভারতের সরকারি সূত্রে জানানো হয়েছে যে ফায়ারিং-এর ঘটনা ঘটেছে সীমান্তে। পরিস্থিতি নিয়ন্ত্রণে বলে জানিয়েছে ওই সূত্র। তবে ওয়ার্নিং শট বলে জানা দাবি করা হয়েছে। অর্থাৎ দুই পক্ষ একে অপরতে ওয়ার্নিং দিতে গুলি চালিয়েছে বলে খবর।

ভারতের পররাষ্ট্রমন্ত্রী জয়শঙ্কর এদিন লাদাখের পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। সোমবার তিনি বলেন, এপ্রিল মাস থেকে একে অপরের চোখে চোখ রেখে দাঁড়িয়ে আছে ভারত ও চীনের সেনাবাহিনী। পরিস্থিতি খুবই সিরিয়াল ছিল। দুই পক্ষের রাজনৈতিক স্তরে গভীর আলোচনার প্রয়োজনও বোধ করছেন তিনি।

সাংহাই কো অপারেশন অর্গানাইজেশনে চীনের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে মুখোমুখি হলে তিনি কী বলবেন, তা জানতে চাওয়া হলে জয়শঙ্কর বলেন, তিনি গত ৩০ বছরের কথা মনে করিয়ে দেবেন। শান্তি বজায় থাকায় কীভাবে সম্পর্ক দৃঢ় হয়েছে, সেটাই বলবেন তিনি।

যুদ্ধ বিশেষজ্ঞদের মতে, তাদের দাবি পটভূমিকা বা যুদ্ধের ক্ষেত্র প্রস্তুত হচ্ছে ধীরে ধীরে। গত ৪৫ বছরে একাধিক মৌখিক বা লিখিত চুক্তির মাধ্যমে যে স্থিতাবস্থা নিয়ে এসেছে ভারত চীন, তা এক মুহুর্তে ভাঙতে পারে। লেফটেন্যান্ট জেনারেল ডি এস হুডা জানাচ্ছেন এই মুহুর্তে পরিস্থিতি বিপজ্জনক হচ্ছে। যে কোনও সময়ে তা নিয়ন্ত্রণের বাইরে যেতে পারে।

ভারত কতটা প্রস্তুত যুদ্ধের পরিস্থিতি মোকাবিলা করতে? এই প্রশ্নের উত্তরে সেনাপ্রধান জানিয়েছেন জওয়ানরা উদ্বুদ্ধ, তৈরি। কিন্তু মস্কোতে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংয়ের সঙ্গে বৈঠকের পরেও সুর নরম করেনি চীন। শনিবার চীন জানিয়েছে ভারত ও চীন, দু’জনেই পরমাণু শক্তিধর দেশ। কিন্তু যুদ্ধ হলে চীনের কাছে পরাস্ত হওয়া ছাড়া ভারতের সামনে আর কোনও রাস্তা নেই।

সূত্র- বিডি-প্রতিদিন

বিশ্বকে আরও মহামারীর জন্য প্রস্তুত থাকতে বলল বিশ্ব স্বাস্থ্য সংস্থা

করোনাভাইরাস মহামারীতে বিপর্যস্ত হয়ে পড়েছে গোটা বিশ্ব। এই ভাইরাসের তাণ্ডবে স্থবির হয়ে পড়েছে বিশ্ব অর্থনীতি। কাজ হারিয়েছেন অসংখ্য মানুষ। সফল ও কার্যকরী কোনও প্রতিষেধক না থাকায় করোনা থেকে উত্তরণের পর আবার সংক্রমণের শিকার হচ্ছে বিভিন্ন দেশ। প্রতিদিন বিশ্বজুড়ে লাখ লাখ মানুষ আক্রান্ত হচ্ছে প্রাণঘাতী এই ভাইরাসে। মারা যাচ্ছে হাজার হাজার।

করোনা যখন বিশ্বব্যাপী মানুষের জনজীবন বিপর্যস্ত করে ফেলেছে, ঠিক তখন বিশ্ব স্বাস্থ্য সংস্থা শোনাল আরও ভয়ঙ্কর তথ্য। সতর্ক করল আরও ভয়াবহ মহামারী সম্পর্কে।

জাতিসংঘের স্বাস্থ্য বিষয়ক বিশেষায়িত এই সংস্থার প্রধান টেড্রোস আধানম ঘেব্রেইয়াসুস বলেছেন, “এটাই (করোনা) শেষ মহামারী নয়। ইতিহাস আমাদের শিক্ষা দিয়েছে যে প্রাদুর্ভাব ও মহামারী আমাদের জীবনের অংশ। সুতরাং পরবর্তী মহামারী আসার আগেই বিশ্বেকে সেটার জন্য প্রস্তুত হতে হবে এবং সে জন্য বর্তমানের এই মহামারীর চেয়ে আরও বেশি প্রস্তুত থাকতে হবে।”

মহারমারী করোনাভাইরাসে মঙ্গলবার সকাল সাড়ে ৮টা পর্যন্ত ২ কোটি ৭৪ লাখ ৮৫ হাজার ৪৮৮ জন মানুষ আক্রান্ত হয়েছে। মারা গেছে ৮ লাখ ৯৬ হাজার ৮৪২ জন। সূত্র: আল-জাজিরা, হিন্দুস্তান টাইমস, ওয়ার্ল্ডওমিটার

মাত্র কয়েক ঘণ্টার ব্যবধানে

করোনায় বড়সড় ৩টি ধাক্কা খেয়ে বেসামাল ভারত!

ভারতে আরও বিধ্বংসী রূপ নিয়েছে প্রাণঘাতী করোনাভাইরাস। মাত্র কয়েক ঘণ্টার মধ্যে বিশ্বের দ্বিতীয় বৃহত্তম জনসংখ্যার এই দেশটিকে বড়সড় তিনটি ধাক্কা দিল এই মহামারী।

ব্রাজিলকে পেরিয়ে রবিবার রাতেই করোনা সংক্রমণের বিশ্ব-তালিকার দ্বিতীয় স্থানে উঠে এসেছে ভারত।

রাত পোহাতেই ভারতের কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রণালয় জানাল, গত ২৪ ঘণ্টায় দেশটিতে সংক্রমিতের সংখ্যা ৯০ হাজার পেরিয়েছে!

আর সোমবার সকালেই বেঙ্গালুরুর একটি হাসপাতাল জানাল, সুস্থ হওয়ার পরও ফের করোনার সংক্রমণ ধরা পড়তে শুরু করেছে। দ্বিতীয় বার সংক্রমিত হওয়ার ঘটনাও সামনে আসতে শুরু করেছে।

ভারতে দৈনিক এক লাখ সংক্রমণ যে হতে পারে, করোনা-পর্ব শুরুর পর সেই আশঙ্কা করেছিলেন বিশেষজ্ঞদের একাংশ। আজকের পরিসংখ্যানের সৌজন্যে ওই ভবিষ্যদ্বাণী আর অসম্ভব মনে হচ্ছে না। সরকারি হিসাবে মৃতের সংখ্যা হাজার পেরোচ্ছে প্রায় প্রতিদিনই।

‘ওয়ার্ল্ডওমিটার্স’-এর হিসাাবে ভারতে কোভিডে মোট মৃত্যু ৭১ হাজার পেরিয়ে গিয়েছে। আন্তর্জাতিক ওই সমীক্ষা অনুযায়ী, দেশটিতে সংক্রমিতের সংখ্যা ৪২ লাখ পেরিয়েছে।

যদিও স্বাস্থ্য মন্ত্রণালয়ের বিবৃতির শিরোনামে অবশ্য সুস্থতার রেকর্ডের কথাই রয়েছে। কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রণালয়ের বক্তব্য, পরপর দু’দিন গোটা দেশে ৭০ হাজারের বেশি কোভিড রোগী (গত ২৪ ঘণ্টায় ৭৩ হাজারের বেশি) সেরে উঠেছেন।

সুস্থতার হার পৌঁছেছে ৭৭.৩২ শতাংশে। অ্যাক্টিভ রোগী যেখানে ৮.৬২ লাখ, সেখানে সুস্থের সংখ্যা ৩২ লাখের কাছাকাছি— প্রায় চার গুণ। মৃত্যুহার ১.৭২ শতাংশে নেমেছে। মোট সংক্রমিতের মাত্র ২০.৯৬ শতাংশ এখন অ্যাক্টিভ রোগী। সূত্র: আনন্দবাজার